



মুফতি আমির হামজার বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি



মুফতি আমির হামজা। ছবি: সংগৃহীত

কুষ্টিয়া-৩ আসনের সংসদ সদস্য মুফতি আমির হামজার বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেছেন সিরাজগঞ্জের একটি আদালত। কুষ্টিয়ার জেলা প্রশাসকের বদলি নিয়ে ভিত্তিহীন ও বিতর্কিত মন্তব্য করার অভিযোগে মঙ্গলবার (২১ এপ্রিল) শুনানি শেষে আদালত এই আদেশ দেন।

ঘটনার সূত্রপাত ২৭ মার্চ, যখন কুষ্টিয়ার হরিপুর জামে মসজিদে জুমার নামাজের আগে বক্তব্য দিতে গিয়ে তিনি দাবি করেন, বর্তমান জেলা প্রশাসককে বদলি করাতে প্রায় ২০ থেকে ৩০ কোটি টাকা খরচ হয়েছে। এই বক্তব্যের ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে ব্যাপক আলোচনা-সমালোচনা শুরু হয়।

এরপর ১৩ এপ্রিল তাকে একটি আইনি নোটিশ পাঠানো হয়। সেখানে তার কাছ থেকে ওই দাবির সপক্ষে প্রমাণ ও সংশ্লিষ্ট ব্যক্তিদের নাম প্রকাশের অনুরোধ জানানো হয়। তবে নির্ধারিত সময়ের মধ্যে তিনি কোনো তথ্য বা প্রমাণ উপস্থাপন করতে পারেননি। আইনজীবীদের ভাষ্য অনুযায়ী, একজন সংসদ সদস্যের এমন অভিযোগ প্রমাণ ছাড়া তোলা সরকারি কর্মকর্তার সম্মানহানির পাশাপাশি জনমনে বিভ্রান্তি সৃষ্টি করে। সেই কারণেই আদালত তার বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেন।